

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date:12-09-2024

Time: 07.35-07.40 AM Hrs

BENGALI MORNING BULLETIN

Union Cabinet:

কেন্দ্রীয় মন্ত্রিসভা আয়ুত্থান ভারত প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনার আওতায় আয় নির্বিশেষে ৭০ বছরের বেশি বয়সী সমস্ত প্রবীণ নাগরিককে স্বাস্থ্য কভারেজ দেওয়ার বিষয়ে অনুমোদন দিয়েছে। গতকাল সন্ধ্যায় নয়াদিল্লিতে মন্ত্রিসভার বৈঠকের পর সাংবাদিক বৈঠকে কেন্দ্রীয় মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব বলেন, এটি একটি গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত। তিনি বলেন, প্রবীণ নাগরিকরা ৫ লক্ষ টাকা পর্যন্ত বিনামূল্যে চিকিৎসার সুবিধা পাবেন। তিনি বলেন, এর মাধ্যমে দেশের প্রায় সাড়ে চার কোটি পরিবার এবং প্রায় ৬ কোটি প্রবীণ নাগরিক এই কর্মসূচির আওতায় আসবেন।

Mukhyomontri Somipeshu:

মুখ্যমন্ত্রী সমীপেশু কর্মসূচীর ৩১তম পর্বে রাজ্যের বিভিন্ন প্রান্তের নাগরিকগণ গতকাল মুখ্যমন্ত্রী ডা: মানিক সাহার সরকারী বাস ভবনে তাদের নানাবিধ সমস্যার কথা মুখ্যমন্ত্রীর কাছে তুলে ধরেন। তাদের মধ্যে অধিকাংশই চিকিৎসা সংক্রান্ত সহায়তার আর্জি জানান। সমস্যা সমাধানে মুখ্যমন্ত্রী সংশ্লিষ্ট আধিকারিকদের প্রয়োজনীয় সহায়তার প্রদানের নির্দেশ দেন। মুখ্যমন্ত্রী সমীপেশু কর্মসূচীতে উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রীর সচিব ড :প্রদীপ কুমার চক্রবর্তী, স্বাস্থ্য দপ্তরের সচিব কিরণ গিত্যে, সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের ডেপুটি কমিশনার অচিন্ত্য কিলিকদার, জিবি হাসপাতালের মেডিক্যাল সুপার ডা: শঙ্কর চক্রবর্তী অটল বিহারী রিজিওন্যাল ক্যান্সার সেন্টারের মেডিক্যাল সুপার ডা: এস দেববর্মা প্রমুখ।

Flood Relief:

রাজ্যে সাম্প্রতিক বন্যায় মৃতের সংখ্যা বেড়ে হয়েছে ৩৬। এখনও চার জেলায় ৬৭ টি শিবিরে ৩,৮৭৩ জন শরণার্থী রয়েছেন। গতকাল সন্ধ্যায় মহাকরনে সাংবাদিক সম্মেলনে রাজস্ব সচিব বৃজেশ পাণ্ডে একথা জানান। তিনি বলেন গতকাল মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা, বন্যা পরিস্থিতি ও বন্যাত্রাণ পর্যালোচনায় উচ্চ পর্যায়ে বৈঠক করেন। বৃজেশ পাণ্ডে বলেন, ত্রান সহায়তা দ্রুত পৌঁছানোর উপর গুরুত্ব আরোপ করেন মুখ্যমন্ত্রী। শিবিরে বন্যার্তদের স্বাস্থ্য সম্মত খাদ্য সরবরাহ যেমন চলছে তা অব্যাহত রাখার উপর গুরুত্ব দেন। রাজস্ব সচিব বৃজেশ পাণ্ডে জানান, ইতিমধ্যে বিদ্যুৎ নিগমের প্রায় সব মহকুমা, উপমহকুমায় ৯৬% থেকে ৯৮ শতাংশ এলাকায় বিদ্যুৎ সংযোগ স্থাপিত হয়েছে। বাকী এলাকায় এক সপ্তাহের মধ্যে কাজ শেষ করা হবে। পূর্ত দপ্তর থেকে রাস্তা মেরামতের কাজ সম্পন্ন করতে দরপত্র চূড়ান্ত করার কাজ করছে। শারদ উতসবের আগেই আগামী ৫ ই অক্টোবরের মধ্যে সকল রাস্তা মেরামত করার কাজ শেষ করার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। পানীয় জল সরবরাহে কাজে যথেষ্ট অগ্রগতি রয়েছে। সেচ ব্যবস্থা পুনর্স্থাপনের কাজ চলছে। বৃজেশ পাণ্ডে জানান, রাজ্যের বন্যা কবলিত এলাকা সফর করে কেন্দ্রীয় প্রতিনিধি দল তাদের রিপোর্ট কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকে পেশ করেছেন। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বন্যাত্রানে ৫৬৪ কোটি টাকার প্যাকেজ ঘোষণা করেছেন বলে তিনি জানান।

CPI (M) Flood Manik Sarkar:

বন্যা ত্রান দ্রুত পৌঁছানো সহ দশ দাবিতে CPI (M) -এর উদ্যোগে ডেপুটেশন প্রদান উপলক্ষ্যে গতকাল সোনামুড়া শহরে CPI (M) এর উদ্যোগে এক পথসভা অনুষ্ঠিত হয়। পথসভায় বক্তব্য

রাখতে গিয়ে CPI (M) নেতা প্রাক্তন মুখ্যমন্ত্রী মানিক সরকার অভিযোগ করেন, বন্যাত্রান যথাযথ সভাবে পৌঁছচ্ছে না । তিনি একাজে দ্রুত পদক্ষেপ করতে অনুরোধ করেন । তাছাড়া কেন্দ্রীয় সরকারের তরফে অবিলম্বে সহায়তায়র দাবি করেন তিনি । মানিক সরকার অভিযোগ করেন এখনও যারা শিবিরে রয়েছেন তাদের মধ্যে কাউকে শিবির ত্যাগের জন্য চাপ দেওয়া হচ্ছে। তিনি এবারের বন্যাকে রাজ্যের ইতিহাসে সবচেয়ে বড় ও ভয়াবহ বন্যা হিসাবে উল্লেখ করেন।

Rashtriya Poshan Maah-South :

শিশু ও সন্তানসন্তবা মায়েদের সবসময় পুষ্টিকর খাবার খাওয়ানোর আহ্বান জানিয়ে গতকাল জোলাইবাড়ি সুসংহত বিকাশ প্রকল্পের উদ্যোগে শোভাযাত্রা ও আলোচনাসভার মাধ্যমে রাষ্ট্রীয় পোষন মাস উদযাপন করা হয়। অঙ্গন ওয়ারী কর্মী ও সহায়িকাদের বর্নাঢ়্য শোভাযাত্রা জোলাইবাড়ি বাজার এলাকা পরিক্রমা করে । কমিউনিটি হলে আয়োজিত আলোচনাচক্রে বক্তব্য রাখেন সমবায় মন্ত্রী শুল্লাচরন নোয়াতিয়া। কোন খাবারের পুষ্টিগন কতটা এবং শিশু ও সন্তানসন্তবা মায়েদের কি ধরনের খাবার কিভাবে খাওয়াতে হবে এই বিষয়ে বিস্তৃত আলোচনা করেন তারা ।

PM, Semiconductor :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল উত্তর প্রদেশের গ্রেটার নয়ডায় ইন্ডিয়া এক্সপো মাৰ্টে সেমিকন ইন্ডিয়া ২০২৪-এর উদ্বোধন করেন। তিনি প্রদর্শনীটি ঘুরে দেখেন। তিন দিনের এই সম্মেলনে ভারতের প্রযুক্তিবিদদের সেমিকন্ডাক্টর কৌশল এবং নীতি প্রদর্শিত হবে, যার মধ্য দিয়ে সেমিকন্ডাক্টর ক্ষেত্রে ভারতকে বিশ্বের প্রধান সিসেবে পরিণত করার দিশা তুলে ধরা হয়েছে। অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বলেন, সেমিকন-এর সমস্ত সদস্যদের প্রতি কৃতজ্ঞতা

প্রকাশ করেন। তিনি দেশের গবেষণার কাজে উৎসাহ ও সহায়তা দিতে ১ লক্ষ কোটি টাকার বিশেষ গবেষণা তহবিলের সংস্থান রাখার কথাও উল্লেখ করেন।

চন্দ্র স্মৃতি লিগ:

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত চন্দ্র স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার গতকাল রাতের নৈশালোকের খেলায় এগিয়ে চলো সংঘ জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে অনুষ্ঠিত খেলায় এগিয়ে চলো সংঘ ৫-২ গোলে ত্রিবেণী সংঘকে পরাজিত করে।

Weather . .

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়, আকাশ সাধারণত মেঘলা থাকবে। বজ্র বিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি ধরনের দুএক পশলা বৃষ্টি হতে পারে। এছাড়া রাজ্যের সব জেলায় বিক্ষিপ্ত ভাবে ভারি বৃষ্টি পাতের শতর্কতাও দেওয়া হয়েছে। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৭.৪ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩২ ডিগ্রির কাছাকাছি। বৃষ্টি হয়েছে ছিটেফোঁটা।
